# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২১৩

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৫৫. মালিকানা (অভিভাবকত্ব) টেনে নেওয়া

باب جَرِّ الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ ابْنِ إِسْحَقَ عَنْ الْعَلَاءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ قَالَ كَانَتْ أُمِّي مَوْلَاةً لِلْحُرَقَةِ وَكَانَ أَبِي يَعْقُوبُ مُكَاتَبًا لِمَالِكِ بْنِ أَوْسِ بْنِ الْحَدَثَانِ النَّصْرِيِّ ثُمَّ إِنَّ أَبِي أَدَّى كِتَابَتَهُ فَدَخَلَ الْحُرَقِيُّ عَلَى عُثْمَانَ يَسْأَلُ الْحَقَّ يَعْنِي الْعَطَاءَ وَعِنْدَهُ مَالِكُ بْنُ أَوْسٍ فَقَالَ ذَاكَ مَوْلَايَ فَاخْتَصَمَا إِلَى عُثْمَانَ فَقَضَى بِهِ لِلْحُرَقِيِّ

বাংলা

৩২১৩. আলা’ ইবনু আব্দুর রহমান তার পিতা হতে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমার মাতা ছিলেন একজন অগ্নিদগ্ধ মহিলার মুক্ত দাসী। আর আমার পিতা মালিক ইবনু আউস ইবনুল হাদাছানী আন নাসরীর সাথে মুকাতাবাহ’ (অর্থের বিনিময়ে মুক্তি দানে চুক্তি)-তে আবদ্ধ ছিলেন। এরপর আমার পিতা তার সকল অর্থ পরিশোধ করে দেন। তখন অগ্নিদগ্ধ লোকটি উছমান রাদ্বিয়াল্লাহু আনহু এর নিকট গিয়ে আমার উপর তার অধিকার চাই - তথা আমাকে দান হিসেবে চায়; তখন মালিক ইবনু আউস তার নিকট উপস্থিত ছিলেন। তখন তিনি বলেন, এ তো আমার মুক্ত দাস। তখন তারা উভয়ে উছমান রাদ্বিয়াল্লাহু আনহু এর নিকট মোকদ্দমা পেশ করেন। তখন তিনি ফায়সালা করেন যে, তাকে (আমার পিতাকে) অগ্নিদগ্ধ লোকটি পাবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত, তবে মুহাম্মদ ইবনু ইসহাক এটি ‘আন আন’ শব্দে বর্ণনা করেছেন আর তিনি মুদাল্লিস।

তাখরীজ: আমি এটি আর কোথাও পাইনি। তবে দেখতে পারেন, বাইহাকী, ওয়ালা ১০/৩১৫।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83498

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন